# সেনা কল্যাণ সংস্থা

প্রধান কার্যালয়, রাওয়া কমপ্লেক্স (৬ষ্ঠ তলা)
ভিআইপি রোড, মহাখালী, ঢাকা-১২০৬
মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক/স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়
২০ -২০ ইং শিক্ষাবর্ষের

# বৃত্তির আবেদনপত্র

**কল্যাণ বিভাগের জন্য**

| বৃত্তি নং ঃ | |
|---|---|
| মন্তব্য | |
| মহাপরিচালক | |
| উপ-মহাব্যবস্থাপক | |
| ব্যবস্থাপক | |
| অঃ তত্ত্বাবধায়ক | |
| সহকারী | |

## ১ম পরিচ্ছেদ

**আবেদনকারী ছাত্র/ছাত্রীর নিজস্ব তথ্যাবলী**

১। ছাত্র/ছাত্রীর নাম ঃ ........................................................ বয়স ঃ ....................

২। সেনা নং ঃ ........................................ পদবী ঃ ........................................

নাম ঃ ........................................................................ (শহীদ/মৃত/জীবিত)

৩। বিবাহিত/অবিবাহিত (ছাত্রীর ক্ষেত্রে) ঃ ........................................................

৪। কোন শ্রেণীর জন্য আবেদন করিতেছে ঃ ........................................................

(মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক/স্নাতক ও স্নাতকোত্তর (কলা, বিজ্ঞান, বাণিজ্য) পর্যায়ে ১ম, ২য়, ৩য়, ৪র্থ বর্ষ, সম্মানের বিষয় অবশ্যই উল্লেখ করিতে হইবে) ........................................

৫। যে সব বিষয়ে পড়িতেছে (বিষয়সহ) ঃ

ক। .................... খ। .................... গ। ....................

ঘ। .................... ঙ। .................... চ। ....................

ছ। .................... জ। .................... ঝ। ....................

৬। শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ ........................................................

ডাকঘর ঃ .................... থানা ঃ .................... জেলা ঃ ....................

৭। বিগত বাৎসরিক পরীক্ষার ফলাফল ঃ

ক। মোট কত নম্বর/জিপিএ'র পরীক্ষা হইয়াছে ঃ ........................................

খ। মোট কত নম্বর/জিপিএ পাইয়াছে .................... প্রাপ্ত জিপিএ/নম্বরের গড় ঃ ....................

(শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের সত্যায়িত মার্কশীট ও এক কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি দরখাস্তের সহিত থাকিতে হইবে। মার্কশীটে ছাত্র/ছাত্রীর নাম, পিতার নাম/শিক্ষা প্রতিষ্ঠানের নাম, শ্রেণী রোল নং উল্লেখ করিতে হইবে।

৮। বর্তমান শ্রেণীতে প্রবেশের তারিখ ঃ ........................................................

৯। অধ্যয়নের (কোর্সের) সময়সীমা ঃ ........................................................

**তারিখ ঃ** ....................

....................
(ছাত্র/ছাত্রীর স্বাক্ষর)

## ২য় পরিচ্ছেদ

**আবেদনকারীর পিতা/স্বামী/নিজের সামরিক চাকুরীর বিবরণ ও তথ্যাবলী**

এই পরিচ্ছেদের তথ্যাদি অবসরপ্রাপ্তির ছাড়পত্র/পেনশন দলিল পত্র হইতে পূরণ করিতে হইবে।

১০। সেনা নং ঃ .................... পদবী ঃ ....................

নাম ঃ .................... কোর/রেজিমেন্ট ঃ ....................

১১। ভর্তির তারিখ ঃ .................... অবসরের তারিখ ঃ ....................

১২। অবসর গ্রহণের কারণ ঃ ........................................................

১৩। পেনশন ভাতার মাসিক হার ঃ ....................টিএস নং (যদি থাকে) ঃ ....................

১৪। জন্ম তারিখ ও বর্তমানে বয়স ঃ ........................................................

১৫। মৃত্যুর তারিখ (শহীদ/মৃত সদস্যদের জন্য) ঃ ........................................

১৬। **স্থায়ী ঠিকানা ঃ**

গ্রাম ঃ .................... ডাকঘর ঃ ....................

থানা/উপজেলা ঃ .................... জেলা ঃ ....................

**১৭। বার্ষিক আয়ের বিবরণ ঃ**

ক। কৃষি ভূমি হইতে আয় ঃ ...............................................................

খ। পেনশন ভাতা (বার্ষিক) ঃ ...............................................................

গ। চাকুরী/ব্যবসা/গাড়ী ভাড়া ঃ ...............................................................

ঘ। অন্যান্য ক্ষেত্র হইতে ঃ ...............................................................

ঙ। মোট বার্ষিক আয় ঃ ...............................................................

**১৮। পরিবারের বিবরণ ঃ**

| | নাম | সম্পর্ক | জন্ম তারিখ | পেশা |
|---|---|---|---|---|
| ক। | | | | |
| খ। | | | | |
| গ। | | | | |
| ঘ। | | | | |
| ঙ। | | | | |

ডিসচার্জ বহির ফটোকপিসহ সংশ্লিষ্ট রেকর্ডস কর্তৃক স্বাক্ষরিত/সত্যায়িত পরিবারের তালিকা সংযুক্ত করিতে হইবে।

১৯। পরিবারের সদস্যদের মধ্যে যাহারা বৃত্তি পাইতেছে বা বৃত্তির আবেদন করা হইয়াছে তাহাদের বিবরণ ঃ

| | | | |
|---|---|---|---|
| ক। | নাম | শ্রেণী | বৃত্তি নং |
| খ। | নাম | শ্রেণী | বৃত্তি নং |

বর্তমান ঠিকানা ঃ ...............................................................

...............................................................

টেলিফোন/মোবাইল নং ...............................................................

...............................................................

(সংশ্লিষ্ট সৈনিক অথবা অভিভাবকের স্বাক্ষর)

## ৩য় পরিচ্ছেদ

### (আবেদনকারীর শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান এই অংশ পূরণ করিবেন)

দ্রষ্টব্য ঃ ছাত্র/ছাত্রীর আবেদনপত্র আপনার কাছে দেওয়া হইল। অনুগ্রহপূর্বক ১ম পরিচ্ছেদের তথ্যাদি সত্যতা যাচাই পূর্বক সঠিকতা নিরূপণ হইলে আপনার দপ্তরের সীলমোহরসহ স্বাক্ষর করিয়া জেলা সশস্ত্র বাহিনী বোর্ডের সচিবের নিকট প্রেরণ করিবেন।

২০। আবেদনকারীর দেওয়া ১ম পরিচ্ছেদের তথ্যাবলী সঠিক এবং সে বৃত্তি পাওয়ার যোগ্য বলিয়া আবেদনপত্রের উপর স্বাক্ষরান্তে জেলা সশস্ত্র বাহিনী বোর্ডের নিকট প্রেরণ করিতেছি।

স্থান ঃ ...............................................................

তারিখ ঃ ...............................................................

স্বাক্ষর ঃ ...............................................................

শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান

সীলমোহর

## ৪র্থ পরিচ্ছেদ

### (জেলা সশস্ত্র বাহিনী বোর্ড/সংশ্লিষ্ট রেকর্ডস অফিস পূরণ করিবেন)

২১। এই মর্মে নিশ্চয়তা প্রদান করা যাইতেছে, উপরোল্লিখিত পরিচ্ছেদ সমূহে বর্ণিত তথ্যাদি অবসরপ্রাপ্তির সার্টিফিকেট/পেনশনের দলিল পত্র ও অন্যান্য সূত্র হইতে যাচাই করিয়া নির্ভুল পাওয়া গিয়াছে।

স্থান ঃ ...............................................................

তারিখ ঃ ...............................................................

স্বাক্ষর ঃ ...............................................................

পদমর্যাদা

সীলমোহর

# সেনা কল্যাণ সংস্থা প্রদত্ত শিক্ষামূলক বৃত্তির নিয়মাবলী

১। **কেবলমাত্র নিম্নলিখিত ব্যক্তিগণ সেনা কল্যাণ সংস্থার শিক্ষামূলক বৃত্তি পাওয়ার যোগ্য বলিয়া বিবেচিত হইবেনঃ**

ক। বাংলাদেশ সেনা, নৌ ও বিমান বাহিনীর সকল অবসরপ্রাপ্ত অফিসার, জেসিও, ওআর, এনসি(ই) এবং তাহাদের পত্নী, পুত্র ও অবিবাহিতা কন্যাগণ।

খ। শহীদ/মৃত অফিসার, জেসিও, ওআর, পিএনজি, এমওডিসি, এনসি(ই)দের পত্নী, পুত্র ও অবিবাহিতা কন্যাগণ।

গ। কেবলমাত্র বাংলাদেশের নাগরিকগণই বৃত্তি পাওয়ার যোগ্য।

ঘ। আবেদনকারীর পিতা/মাতা/স্বামীর বার্ষিক উপার্জনের উর্ধ্বসীমা সরকার কর্তৃক সময় সময় ঘোষিত ব্যক্তির আয়করমুক্ত আয় স্বয়ংক্রিয়ভাবে অভিভাবকের আয়ের উর্ধ্বসীমা বলে বিবেচিত হবে।

২। **নিম্নেলিখিত ব্যক্তিগণ বৃত্তি পাওয়ার যোগ্য নয় ঃ**

ক। সেনা/নৌ/বিমান বাহিনী হইতে পদচ্যুত (ডিসমিস্‌ড) সদস্যগণ।

খ। প্রাক্তন রিক্রুট।

গ। উপার্জনশীল স্ত্রী, পুত্র ও কন্যাগণ।

ঘ। পরিবারের মোট ০২ (দুই) জনের বেশী সেনা কল্যাণ সংস্থা হইতে বৃত্তি পাইবে না।

ঙ। মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক পর্যায়ে জিপিএ ৫.০০ এর মধ্যে সর্বনিম্ন জিপিএ-৪.০০ (এ) অথবা ৭০% এর কম নম্বর প্রাপ্তগণ এবং স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে জিপিএ-৪.০০ এর মধ্যে সর্বনিম্ন জিপিএ-৩.৩৩ অথবা ৬৬% এর কম নম্বর প্রাপ্তগণ বৃত্তি পাইবে না।

চ। অবসরপ্রাপ্তির পর জন্মগ্রহণকারী সন্তানগণ বৃত্তি পাইবে না।

ছ। একই শ্রেণীতে একাধিকবার বৃত্তি প্রদান করা হইবে না।

জ। বিদেশে অধ্যায়নরত ছাত্র/ছাত্রীগণ বৃত্তি পাইবে না।

৩। **আবেদনপত্র ঃ** বিনামূল্যে সেনা কল্যাণ সংস্থার প্রধান কার্যালয়, রাওয়া কমপ্লেক্স, (৬ষ্ঠ তলা), ভিআইপি রোড, মহাখালী, ঢাকা-১২০৬ অথবা সকল জেলা সশস্ত্র বাহিনী বোর্ড হইতে পাওয়া যাইবে।

৪। **কিভাবে আবেদন করিতে হইবে ঃ**

ক। আবেদনকারী আবেদনপত্রের ১ম ও ২য় পরিচ্ছেদ পূরণ করিয়া ৩য় পরিচ্ছেদ পূরণের জন্য শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের নিকট দাখিল করিবেন। প্রতিষ্ঠানের প্রধান ৩য় পরিচ্ছেদ পূরণ করিয়া জেলা সশস্ত্র বাহিনী বোর্ডে প্রেরণ করিবেন।

খ। জেলা সশস্ত্র বাহিনী বোর্ডের সচিব/অফিসার-ইন-চার্জ রেকর্ডস কর্তৃক ৪র্থ পরিচ্ছেদ পূরণ করিয়া আবেদনপত্র সেনা কল্যাণ সংস্থার প্রধান কার্যালয়ের কল্যাণ বিভাগে প্রেরণ করিবেন।

৫। **যাচাই ঃ** জেলা সশস্ত্র বাহিনী বোর্ড/অফিসার-ইন-চার্জ রেকর্ডস আবেদনকারীর নিম্নলিখিত দলিলপত্র যাচাই করিয়া ৪র্থ পরিচ্ছেদ পূরণ করিবেন ঃ

ক। পিতা/স্বামী/নিজের অবসরপ্রাপ্তির ছাড়পত্র অথবা পেনশনের দলিলপত্র।

খ। মার্কশীট (ছাত্র/ছাত্রীর নাম, পিতার নাম, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, শ্রেণী, রোল নং উল্লেখ থাকিতে হইবে)।

গ। সন্তানের জন্ম নিবন্ধন সনদপত্র।

**দ্রষ্টব্য ঃ** উপরোক্ত তথ্যাদি যাচাই সত্ত্বেও চূড়ান্ত যাচাই করিবার অধিকার প্রধান কার্যালয়ের রহিয়াছে।

৬। **বিভিন্ন পর্যায়ে মাসিক বৃত্তির হার ঃ**

| | মাসিক হার |
|---|---|
| **ক। মাধ্যমিক (স্কুল,কারিগরী ও মাদ্রাসা) পর্যায়ঃ** | |
| (১) ৬ষ্ঠ-৮ম শ্রেণী (পিইসি'র ফলাফল অনুযায়ী) | - ১৫০.০০ টাকা |
| (ক) জিপিএ-৫.০০ (এ+) | - ১০০.০০ টাকা |
| (খ) জিপিএ-৪.০০-৪.৯৯ (এ) অথবা ৭০% নম্বর প্রাপ্ত | |
| (২) ৯ম - ১০ম শ্রেণী (জেএসসি'র ফলাফল অনুযায়ী) | |
| (ক) জিপিএ-৫.০০ (এ+) | - ২০০.০০ টাকা |
| (খ) জিপিএ-৪.০০-৪.৯৯ (এ) অথবা ৭০% নম্বর প্রাপ্ত | - ১৫০.০০ টাকা |
| **খ। উচ্চ মাধ্যমিক কারিগরী ও মাদ্রাসা, ডিপ্লোমা (ইঞ্জিনিয়ারিং/নার্সিং/হোমিওপ্যাথ) ও সমমান (এসএসসি'র ফলাফল অনুযায়ী)** | |
| (১) কলা, বিজ্ঞান, বাণিজ্য, পিটিআই ও লাইব্রেরী বিজ্ঞান সার্টিফিকেট কম্পাউন্ডারশীপ/সমমান | |
| (ক) জিপিএ-৫.০০ (এ+) | - ২৫০.০০ টাকা |
| (খ) জিপিএ-৪.০০-৪.৯৯ (এ) অথবা ৭০% নম্বর প্রাপ্ত | - ২০০.০০ টাকা |
| **গ। স্নাতক পাস কোর্স (ডিগ্রী লেভেল)- ৩ বছর মেয়াদী (এইচএসসি ফলাফল অনুযায়ী)।** | |
| ১। জিপিএ-৫.০০ (এ+) | ৩০০.০০ টাকা |
| ২। জিপিএ-৪.০০-৪.৯৯ (এ) অথবা ৭০% নম্বর প্রাপ্ত | ২৫০.০০ টাকা |
| **ঘ। স্নাতক সম্মান (ডিগ্রী অনার্স লেভেল )- ৪ বছর মেয়াদী (এইচএসসি ফলাফল অনুযায়ী)।** | |
| ১। জিপিএ-৫.০০ (এ+) | ৩৫০.০০ টাকা |
| ২। জিপিএ-৪.০০-৪.৯৯ (এ) অথবা ৭০% নম্বর প্রাপ্ত | ৩০০.০০ টাকা |
| **ঙ। স্নাতক সম্মান (ডিগ্রী লেভেল ) ইঞ্জিনিয়ারিং,কৃষি ও সমসান -৪ বছর মেয়াদ (এইচএসসি ফলাফল অনুযায়ী)।** | |
| ১। জিপিএ-৫.০০ (এ+) | ৪০০.০০ টাকা |
| ২। জিপিএ-৪.০০-৪.৯৯ (এ) অথবা ৭০% নম্বর প্রাপ্ত | ৩৫০.০০ টাকা |
| **চ। স্নাতক সম্মান (ডিগ্রী লেভেল ) ডাক্তারী,বিডিএস, হোমিওপ্যাথিক, ভেটেরিনারী ও সমমান -৫ বছর মেয়াদী (এইচএসসি ফলাফল অনুযায়ী)।** | |
| ১। জিপিএ-৫.০০ (এ+) | ৪০০.০০ টাকা |
| ২। জিপিএ-৪.০০-৪.৯৯ (এ) অথবা ৭০% নম্বর প্রাপ্ত | ৩৫০.০০ টাকা |
| **ছ। স্নাতক অনার্স এর পর স্নাতকোত্তর (মাষ্টার'স লেভেল)-১ বছর মেয়াদী (স্নাতক পর্যায়ের ফলাফল অনুযায়ী)** | |
| ১। সিজিপিএ-৪.০০ (এ+) | ৪০০.০০ টাকা |
| ২। সিজিপিএ -৩.৩৩-৩.৯৯ (এ) | ৩৫০.০০ টাকা |
| **জ। স্নাতক পাস কোর্স এর পর স্নাতকোত্তর (মাষ্টার'স লেভেল)- ২ বছর মেয়াদী (স্নাতক পর্যায়ের ফলাফল অনুযায়ী)** | |
| ১। সিজিপিএ -৪.০০ (এ+) | ৪০০.০০ টাকা |
| ২। সিজিপিএ -৩.৩৩-৩.৯৯ (এ) | ৩৫০.০০ টাকা |

৭। উপরোক্ত স্বাভাবিক বৃত্তি ছাড়াও নিম্নবর্ণিত হারে উৎসাহমূলক (মেধাবৃত্তি) দেয়া হবে ঃ

(ক) পিইসিই' এর ফলাফল অনুযায়ী (সরকার বা শিক্ষা বোর্ড হতে মেধাবৃত্তি প্রাপ্তগণ) ঃ

(১) বিশেষ মেধাবৃত্তি (একবার) - ৩,০০০.০০ টাকা

(২) সাধারণ মেধাবৃত্তি (একবার) - ২,০০০.০০ টাকা

(খ) জেএসসি ফলাফল অনুযায়ী (সরকার বা শিক্ষা বোর্ড হতে মেধাবৃত্তি প্রাপ্তগণ) ঃ

(১) বিশেষ মেধাবৃত্তি (একবার) - ৫,০০০.০০ টাকা

(২) সাধারণ মেধাবৃত্তি (একবার) - ৩,০০০.০০ টাকা

(গ) এসএসসি ফলাফল অনুযায়ী (উৎসাহমূলক বৃত্তি) ঃ

(১) চতুর্থ বিষয় ব্যতিরেকে (গোল্ডেন) জিপিএ ৫.০০ (একবার) - ৭,৫০০.০০ টাকা

(ঘ) এইচএসসি ফলাফল অনুযায়ী (উৎসাহমূলক বৃত্তি) ঃ

(১) চতুর্থ বিষয় ব্যতিরেকে (গোল্ডেন) জিপিএ ৫.০০ (একবার) -১০,০০০.০০ টাকা

(ঙ) স্নাতক (ডিগ্রী) পর্যায়ের ফলাফল অনুযায়ী (উৎসাহমূলক বৃত্তি) ঃ

(১) জিপিএ ৪.০০ এর মধ্যে ৪.০০ অর্জনকারী (একবার) -১৫,০০০.০০ টাকা

(চ) স্নাতকোত্তর (মাষ্টার ডিগ্রী) পর্যায়ের ফলাফল অনুযায়ী (উৎসাহমূলক বৃত্তি) ঃ

(১) জিপিএ ৪.০০ এর মধ্যে ৪.০০ অর্জনকারী (একবার) -২০,০০০.০০ টাকা

উপরোক্ত সুবিধা সমূহ ২০১৩-২০১৪ ইং বৎসর হতে কার্যকারী হয়েছে। উল্লেখিত জিপিএ অর্জনকারী ছাত্র/ছাত্রী বৃত্তি প্রাপ্তির লক্ষ্যে মার্কশীটের সত্যায়িত কপি, সংবাদপত্রে প্রকাশিত পত্রিকার কাটিং, স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদানকৃত প্রশংসা পত্রের সত্যায়িত কপি, পাসপোর্ট সাইজের ছবি এবং সশস্ত্র বাহিনীর প্রাক্তন/অবসরপ্রাপ্ত সদস্যের সন্তানের প্রমাণস্বরূপ পিতার ডিসচার্জ বহিতে লিপিবদ্ধ পরিবারের বিবরণ সংক্রান্ত (নামীয় তালিকা), যা রেকর্ডস্ কর্তৃক স্বাক্ষরিত এর সত্যায়িত ফটোকপি এবং ডিসচার্জ বইয়ের সত্যায়িত ফটোকপিসহ সাদা কাগজে সেনা কল্যাণ সংস্থার মহাপরিচালক, কল্যাণ বরাবর আবেদন করতে হইবে।

৮। আবেদনের সময়কাল ঃ

| বিভিন্ন পর্যায়ের বৃত্তি | শ্রেণী | আবেদনপত্র জমা দেওয়ার নির্ধারিত সময়সূচী |
|---|---|---|
| ক। মাধ্যমিক পর্যায় (স্কুল, কারিগরী ও মাদ্রাসা) | ঃ ৬ষ্ঠ হইতে ১০ম শ্রেণী | - ১লা জানুয়ারী - ৩১ মার্চ পর্যন্ত। |
| খ। উচ্চ মাধ্যমিক, কারিগরী ও মাদ্রাসা পর্যায়) | ঃ ১১শ - ১২শ শ্রেণী অথবা কোর্স অনুযায়ী | - ১লা আগস্ট - ৩১ ডিসেম্বর পর্যন্ত। |
| গ। স্নাতক ও স্নাতকোত্তর পর্যায় | ঃ ১ম বর্ষ - ৫ম বর্ষ অথবা কোর্স অনুযায়ী | - ১লা নভেম্বর - ৩০ জুন পর্যন্ত। |

৯। বৃত্তি নবায়ন ঃ

ক। মাধ্যমিক (স্কুল, কারিগরী ও মাদ্রাসা) পর্যায় ঃ ৭ম শ্রেণী হইতে ১০ শ্রেণীতে উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের বৃত্তি নবায়নের জন্যতাহাদের বার্ষিক পরীক্ষার নম্বরপত্র/উত্তীর্ণপত্র ৩১ মার্চের মধ্যে সরাসরি সেনা কল্যাণ সংস্থায় প্রেরণ করিতে হইবে।

খ। উচ্চ মাধ্যমিক, কারিগরী ও মাদ্রাসা পর্যায় ঃ বৃত্তিপ্রাপ্ত ছাত্র/ছাত্রীদিগকে পরবর্তী বর্ষে উত্তীর্ণ হওয়ার পর বৃত্তি নবায়নের জন্য নম্বরপত্র/উত্তীর্ণপত্র ৩১ ডিসেম্বরের মধ্যে সেনা কল্যাণ সংস্থায় প্রেরণ করিতে হইবে।

গ। স্নাতক ও স্নাতকোত্তর পর্যায় ঃ বৃত্তিপ্রাপ্ত ছাত্র/ছাত্রীদিগকে পরবর্তী বর্ষে উত্তীর্ণ হওয়ার পর বৃত্তি নবায়নের জন্য নম্বরপত্র/ উত্তীর্ণপত্র ৩০ জুনের মধ্যে সংস্থার প্রধান কার্যালয় প্রেরণ করিতে হইবে। স্নাতক হইতে স্নাতকোত্তর পর্যায়ে ভর্তি হওয়ার পর নতুন করিয়া নির্ধারিত আবেদনপত্র ১লা নভেম্বর হইতে ৩০শে জুনের মধ্যে আবদন করিতে হইবে।

দ্রষ্টব্য ঃ সকল নম্বরপত্রে/উত্তীর্ণপত্রে সৈনিক বৃত্তির নম্বর/ অবশ্যই উল্লেখ করিতে হইবে।

১০। আবেদনপত্র আহ্বান ঃ বহুল প্রচলিত বাংলা ও ইংরেজী দৈনিক পত্রিকায়, বিজ্ঞপ্তির মাধ্যমে বিভিন্ন পর্যায়ের আবেদনপত্র আহ্বান করা হয়।

১১। বৃত্তি মঞ্জুরীর বিজ্ঞপ্তি ঃ বৃত্তি প্রদান কমিটি কর্তৃক বৃত্তি মঞ্জুরী চূড়ান্ত হওয়ার পর তাহা বহুল প্রচলিত বাংলা ও ইংরেজী দৈনিক পত্রিকায়, বিজ্ঞপ্তির মাধ্যমে বিভিন্ন পর্যায়ের বৃত্তি সম্পচার প্রচার করা হয়। বৃত্তিপ্রাপ্তদের তালিকা তিন বাহিনীর প্রধান কার্যালয় সহ বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড ও সকল জেলা সশস্ত্র বাহিনী বোর্ড সমূহে প্রেরণ করা হয়।

১২। বৃত্তির টাকা প্রদান ঃ

ক। সেনা কল্যাণ সংস্থা সকল পর্যায়ের বৃত্তির টাকা শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের নামে সংস্থার নিজস্ব ব্যবস্থাপনায় ষ্টাইপেন্ড ওয়ারেন্টের মাধ্যমে প্রদান করা হয়। শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান বৃত্তিধারী ছাত্র/ছাত্রীদের মধ্যে বৃত্তির টাকা বিতরণ করিয়া প্রাপ্তি রশিদের উপর সংশ্লিষ্ট বৃত্তিধারীদের স্বাক্ষরান্তে ৩ (তিন) মাসের মধ্যে সরাসরি সেনা কল্যাণ সংস্থার কল্যাণ বিভাগে প্রেরণ করিবেন।

খ। মাধ্যমিক পর্যায়ে ষ্টাইপেন্ড ওয়ারেন্ট "অগ্রণী ব্যাংক', আমিন কোর্ট শাখা, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ হইতে ক্লিয়ারেন্স দেওয়া হইবে। উচ্চ মাধ্যমিক এবং স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের ষ্টাইপেন্ড ওয়ারেন্ট " ট্রাষ্ট ব্যাংক লিমিটেড", সেনা কল্যাণ ভবন শাখা, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ হইতে ক্লিয়ারেন্স দেওয়া হইবে।

১৩। প্রাপ্তি স্বীকার ঃ প্রত্যেক বৃত্তিধারী বৃত্তির টাকা প্রাপ্তির পর, সেনা কল্যাণ সংস্থার কল্যাণ বিভাগে অবশ্যই প্রাপ্তি স্বীকার করিবেন অন্যথায় তাহাদের পরবর্তী বৎসরের বৃত্তির টাকা পাঠানো হইবে না।

১৪। বৃত্তি বাজেয়াপ্ত করণ ঃ যদি বৃত্তি ভোগীর উন্নতি, চরিত্র এবং আচরণ সন্তোষজনক না হয় অথবা সে যদি ভুল তথ্যাদি প্রদান করিয়া থাকে তাহা হইলে যে কোন সময়ে তাহার বৃত্তি বাজেয়াপ্ত করা যাইতে পারে। আবেদনকারী যদি আবেদনে ইচ্ছাকৃতভাবে ভুল তথ্য প্রদান করে তাহা হইলে আবেদন বাতিল করা হইবে।

১৫। শিক্ষা বোর্ড, বিশ্ববিদ্যালয় এবং সরকার কর্তৃক অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীগণই সেনা কল্যাণ সংস্থার বৃত্তি প্রাপ্তির জন্য আবেদন করার যোগ্য হইবে।

**বিঃ দ্রঃ** উপরোক্ত যে কোন নিয়মের ব্যতিক্রম, ওভাররাইটিং, ঘষামাজা, ছেড়া, অসম্পূর্ণ অথবা নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র বাতিল করা হইবে।